

"কুড়িগ্রাম ও জামালপুর জেলার প্রান্তিক জনগোষ্ঠীর দারিদ্র্য হ্রাসকরণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।

প্রকল্প বাস্তবায়ন কমিটির ৭ম সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব খলিল আহমদ
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।

তারিখ: ০৭ জুন, ২০২২

সময়: দুপুর ০১:০০ টা

স্থান: পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া ও (Zoom Apps প্ল্যাটফর্মের মাধ্যমে)।


সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" সদয় দ্রষ্টব্য।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রকল্প পরিচালক ও উপ প্রকল্প পরিচালক মাঠে থাকায় জুম প্ল্যাটফর্মে প্রকল্প পরিচালককে সভার আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপন করার জন্য আহ্বান জানান। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক (ক) পূর্ববর্তী সভার (৬ষ্ঠ সভার) কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ, খ) ৩১ মে, ২০২২ পর্যন্ত প্রকল্প কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা এবং গ) বিবিধ বিষয়ে উপস্থাপন করেন। অতঃপর সভার আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১।	পূর্ববর্তী সভার (৬ষ্ঠ সভার) কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ	৬ষ্ঠ সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পের আওতায় গরু ক্রয় ও বিতরণ, ভূমি অধিগ্রহণ, জাত উন্নয়নের লক্ষ্যে প্রজননক্ষম বুল/গাভী আমদানী, প্রশিক্ষণ কার্যক্রম এবং প্রকল্পের মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত আলোচনা সভায় উপস্থাপন করা হয়। এসব বিষয়ে স্টিয়ারিং কমিটি থেকে সিদ্ধান্ত পাওয়া গেছে।	সভার সিদ্ধান্তসমূহ সঠিকভাবে বাস্তবায়িত হওয়ায় গত সভার কার্যবিবরণীটি এ সভায় দৃঢ়করণ করা হয়।
২।	গরু ক্রয় ও বিতরণ সংক্রান্ত	পিইসি এর সিদ্ধান্ত মোতাবেক জুন মাসের পরে আর গরু কেনা ও বিতরণ করা যাবে না বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	কোন উপজেলায় অব্যয়িত অর্থ থাকলে সেটি প্রকল্পের হিসাবে ফেরত এনে চালানোর মাধ্যমে ৩০ জুনের মধ্যে সরকারী কোষাগারে ফেরত প্রদান করতে হবে। এ বিষয়ে উপজেলা গুলোতে পত্র প্রদান করতে হবে।
৩।	এপিএম ইউনিট স্থাপনে অগ্রগতি বিষয়ে আলোচনা	দেওয়ানগঞ্জ উপজেলার এপিএম ইউনিটের জন্য জমির অধিগ্রহণ প্রক্রিয়া দ্রুত করতে হবে।	যোগাযোগ অব্যাহত রেখে দ্রুত অধিগ্রহণ প্রক্রিয়া শেষ করতে হবে এবং দখল বুঝে নিতে হবে।



সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সবার সুস্বাস্থ্য
কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(খলিল আহমদ)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া

এবং

সভাপতি

প্রকল্প বাস্তবায়ন কমিটি

"কুড়িগ্রাম ও জামালপুর জেলার

প্রান্তিক জনগোষ্ঠীর দারিদ্র্য হ্রাসকরণ

(১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প